



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

১। হিসাব পরিচালকের দপ্তর

(ক) অডিটর টাঃ- ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/সমমানের সিজিপিএ-সহ হিসাব বিজ্ঞান/ফিন্যান্স অথবা বাণিজ্যে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিধারী হইতে হইবে। সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ২(দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কম্পিউটারে অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক।
(খ) সহকারি হিসাব রক্ষক টাঃ-১১০০০-২৬৫৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ-সহ ন্যূনতম স্নাতক (বাণিজ্য) পাশ হইতে হইবে। শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কম্পিউটারে অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক।
(গ) জুনিয়র হিসাব সহকারি টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ-সহ ন্যূনতম স্নাতক (বাণিজ্য) পাশ হইতে হইবে। শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কম্পিউটারে অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক।

২। মার্কেটিং বিভাগ

ল্যাব: সহকারি টাঃ-১১০০০-২৬৫৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই কম্পিউটার ল্যাবঃ-এর সাথে সম্পর্কিত ব্যবস্থাপনা কাজে অভিজ্ঞতাসহ কম্পিউটারের উপর Hardware and Troubleshooting, Operating System, Microsoft Office Suite ও কম্পিউটার Programming Language বিষয়ে জ্ঞান সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অফিসের কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
---	-----------	---

৩। নৃত্যকলা বিভাগ

নিম্নমান সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণীর স্নাতক ডিগ্রিধারী ও কম্পিউটার অপারেটিং (টাইপ করা) প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। ইন্টারনেট সংক্রান্ত কাজে এবং সাউন্ড ও রেকর্ডিং কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। প্রার্থীর শিক্ষা জীবনের তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়।
--	-----------	--

আবেদনপত্রে কোন তথ্য গোপন থাকিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাসের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ০৩-০৮-২০১৭ খ্রিষ্টাব্দ / ১৯-০৪-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র হিসাব পরিচালকের অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র মার্কেটিং বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র নৃত্যকলা বিভাগের চেয়ারম্যান-এর অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।